



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
উপজেলা পরিসংখ্যান কার্যালয়  
শ্রীনগর, মুন্সীগঞ্জ।



## এক নজরে শ্রীনগর উপজেলা

১। **শ্রীনগর উপজেলার সৃষ্টির প্রেক্ষাপট-** ঐতিহ্যবাহী মুন্সীগঞ্জ জেলায় (বিক্রমপুরের) প্রাণ কেন্দ্র শ্রীনগর উপজেলা। অতীত ইতিহাস ও ঐতিহ্যদীপ্ত শ্রীনগরের প্রাচীন নাম “রায়েস বর”। নবাব মীর কাশিম কর্তৃক নিযুক্ত বাংলা, বিহার ও উড়িষ্যা গভর্নর লালার কীর্তি নারায়ণ বসু রায়েসবরের শ্রী বৃদ্ধি করে এর নামকরণ করেন “শ্রীনগর”। শ্রীনগরের মাটিতে জন্ম নিয়েছেন অনেক বরেণ্য, স্বনামধন্য, গুণী বিজ্ঞানী, শিক্ষাবিদ ও রাজনীতিবিদ।

২। **সীমানাঃ-** উত্তরে ঢাকার নবাবগঞ্জ এবং সিরাজদিখান উপজেলা, পূর্বে সিরাজদিখান উপজেলা, পশ্চিমে পদ্মা নদী ও ঢাকা দোহার উপজেলা, দক্ষিণে পদ্মা নদী ও লৌহজং উপজেলা।

৩। **ঐতিহাসিক স্থান ও নির্দেশনঃ-**

- ১) স্যার জগদীশ চন্দ্র বসু স্মৃতি সংরক্ষণাগার/ যাদুঘর।
- ২) ঐতিহাসিক শ্যামসিন্ধি মঠ।
- ৩) জমিদার লাল কীর্তি নারায়ণ বসুর প্রতিষ্ঠিত শ্রী শ্রী অনন্তদেব মন্দির।

৪। **শ্রীনগর উপজেলায় জন্ম গ্রহণকারী দেশ বরেণ্য বিখ্যাত ব্যক্তিবর্গ-**

- ১) উদ্ভিদ বিজ্ঞানী স্যার জগদীশ চন্দ্র বসু।
- ২) ভাষাবিদ চাঁদ খা মুন্সী।
- ৩) সাহিত্যিক প্রতিভা বসু।
- ৪) শিশু সাহিত্যিক পদ্মলোচন ঘোষ।
- ৫) শিক্ষাবিদ ও গবেষক মোঃ শামসুদ্দিন আহমেদ খা (ইন্দু খা)।
- ৬) শিক্ষাবিদ ও সাহিত্যিক শ্রীশ চন্দ্র চক্রবর্তী।
- ৭) ব্রিটিশ আমলে প্রথম বাঙালি বিচারপতি স্যার চন্দ্র মাধব ঘোষ।
- ৮) পাটিগণিত প্রণেতা যাদব চন্দ্র চক্রবর্তী।
- ৯) বিশিষ্ট রাজনীতিবিদ, আইনজ্ঞ কফিল উদ্দিন চৌধুরী।
- ১০) বিশিষ্ট সাহিত্যিক রাবেয়া খাতুন।
- ১১) খ্যাতিমান চিকিৎসক, বিশিষ্ট রাজনীতিবিদ, প্রাক্তন রাষ্ট্রপতি অধ্যাপক এ, কিউ, এম বদরুদ্দোজা চৌধুরী।
- ১২) কবি প্রাবন্ধিক, শিক্ষাবিদ ডঃ হুমায়ুন আজাদ।
- ১৩) বিশিষ্ট শিক্ষাবিদ, সাহিত্যিক ও অধ্যাপক ডঃ সিরাজুল ইসলাম চৌধুরী।
- ১৪) একজন শহিদ মুক্তিযোদ্ধা ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনের মালিক মধুসূদন দে ( মধুদা)।
- ১৫) বিশিষ্ট শিক্ষাবিদ প্রাক্তন উপাচার্য ডঃ আব্দুল মুমিন চৌধুরী।
- ১৬) বিশিষ্ট সাহিত্যিক ও সাংবাদিক ফয়েজ আহমেদ।

#### ৫। মৌলিক তথ্যঃ-

১। উপজেলার আয়তন	: ২০৩ বর্গ কিলোমিটার (৫০,১৬৩ একর)
২। ইউনিয়নের সংখ্যা	: ১৪ টি
৩। গ্রামের সংখ্যা	: ১৫০ টি
৪। মৌজার সংখ্যা	: ৯৯ টি
৫। জনবসতি হীন মৌজা	: ০২ টি
৬। ওয়ার্ড এর সংখ্যা	: ১২৬ টি
৭। ইউনিয়ন ভূমি অফিস	: ১২ টি

#### ৬। জনসংখ্যাঃ-

	(আদমশুমারি- ২০১১) /	(জনশুমারি ও গৃহগণনা- ২০২২)
১। জনসংখ্যা	: ২,৫৯,৮৮৭ জন	২,৯৩,৯০৫ জন
	পুরুষ- ১,২৭,৩৭৪ জন	পুরুষ- ১,৪০,২৮০ জন
	মহিলা- ১,৩২,৫১৩ জন	মহিলা- ১,৫৩,৬২১ জন
		হিজড়া- ০৪ জন
২। খানার সংখ্যা	: ৫৭,৩৪৪ টি	৭২,৮৯৭ টি

	(আদমশুমারি- ২০১১) /	(জনশুমারি ও গৃহগণনা- ২০২২)
৩। শিক্ষার হার	: ৫৭.৩০%	৭৯.৯৭%
৪। জনসংখ্যার ঘনত্ব (প্রতি বর্গ কিলোমিটার)	: ১,২৮০ জন	১,৪৪৮ জন
৬। জনসংখ্যার বৃদ্ধির হার	: ১.২৬	১.০৯
৭। লিঙ্গ অনুপাত	: ৯৬	৯১.৩২
৯। ধর্মভিত্তিক জনসংখ্যা:		
ক- মুসলিম	: ২,৩৩,০৬২ জন	২,৬৫,৪৪৭ জন
খ- হিন্দু	: ২৬,৭৫৫ জন	২৮,৩৪৭ জন
গ- খ্রিষ্টান	: ৬৪ জন	২৯ জন
ঘ- বৌদ্ধ	: ০০ জন	৮০ জন
ঙ- অন্যান্য	: ০৬ জন	০২ জন